

কৃষি আবহাওয়া বার্তা

রাজ্য: পশ্চিমবঙ্গ

তারিখ: ০৪-০৯-২০২৩

গত ৪ দিনের ০৮৩০ ভারতীয় সময় পর্যবেক্ষণের ভিত্তিতে আবহাওয়ার বিবরণ (৩১-০৮-২০২৩ থেকে ০৩-০৯-২০২৩ সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্যবেক্ষণ পর্যন্ত)।

উক্ত সময়ের মধ্যে

৩১ আগস্ট: গাঙ্গেয় পশ্চিমবঙ্গে দক্ষিণ পশ্চিম মৌসুমী বর্ষা অবদমিত ছিল। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের দুয়েক জায়গায় এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কয়েক জায়গায় বৃষ্টিপাত হয়েছে।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার): সামসিং:৬; বক্রাদুয়ার:২

০১ সেপ্টেম্বর: পশ্চিমবঙ্গে দক্ষিণ পশ্চিম মৌসুমী বর্ষা অবদমিত ছিল। পশ্চিমবঙ্গের দুয়েক জায়গায় বৃষ্টিপাত হয়েছে।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) : আলিপুর:৬; সুরী:৩; লাভা:১

০২ সেপ্টেম্বর: পশ্চিমবঙ্গে দক্ষিণ পশ্চিম মৌসুমী বর্ষা অবদমিত ছিল। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জলপাইগুড়ি জেলার দুয়েক জায়গায় ভারী বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের কয়েক জায়গায় বৃষ্টিপাত হয়েছে।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) : বক্রাদুয়ার: ৬; মূর্তি, নাগরাকাটা:৪

০৩ সেপ্টেম্বর: পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলে দক্ষিণ পশ্চিম মৌসুমী বর্ষা অবদমিত ছিল। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দুয়েক জায়গায় ভারী বৃষ্টিপাত হয়েছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের কয়েক জায়গায় এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের অনেক জায়গায় বৃষ্টিপাত হয়েছে।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) : মালবাজার:৯; বিষ্ণুপুর:৬;
রানীগঞ্জ, মুকুটমণিপুর: ৪

আপেক্ষিক আর্দ্রতা (শতাংশে) : উক্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোতে ইহা ছিল ৭০ থেকে ৮১ শতাংশ এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোতে ইহা ছিল ৬৫ থেকে ৮২ শতাংশ।

শুষ্ক ও আর্দ্র জলবায়ুর সম্ভবতা (০৩.০৯.২০২৩ থেকে ০৯.০৯.২০২৩ পর্যন্ত) :

জেলা	আর্দ্র	শুষ্ক	জেলা	আর্দ্র	শুষ্ক
বাঁকুড়া	৫৪	৪৬	হাওড়া	৬৭	৩৩
বীরভূম	৫১	৪৯	মুর্শিদাবাদ	৪৯	৫১
বর্ধমান	৪৫	৫৫	নদীয়া	৪১	৫৯
ভূগলী	৪৫	৫৫	২৪ পরগনা	৪৯	৫১
পুরুলিয়া	৫৪	৪৬			

পরবর্তী ৩ দিনের আবহাওয়ার পূর্বাভাস :

দিন ১ (০৪ সেপ্টেম্বর)-

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের অধিকাংশ জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের ভারী সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের সব জেলাগুলির কয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের ভূমি অঞ্চলের জেলাগুলিতে আগামী ৫ দিন, দিনের তাপমাত্রায় বড় কোনো পরিবর্তন হবে না।

দিন ২ (০৫ সেপ্টেম্বর)-

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পূর্ব ও পশ্চিম বর্ধমান, পুরুলিয়া, বাঁকুড়া, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা জেলার অধিকাংশ জায়গায় এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলোর অনেক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের ভারী সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের সব জেলাগুলির কয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।

দিন ৩ (০৬ সেপ্টেম্বর)-

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের সব জেলাগুলির এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাং, জলপাইগুড়ি, কোচবিহার ও আলিপুরদুয়ার জেলার অধিকাংশ জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের ভারী সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের বাকি জেলাগুলোর কয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।

সতর্কীকরণ:

দিন ১ (০৪ সেপ্টেম্বর)-

১) গাঙ্গেয় পশ্চিমবঙ্গের কলকাতা, হাওড়া, হুগলি, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলার দুয়েক জায়গায় ভারী বৃষ্টিপাতের (০৭-১১ সেমি) সম্ভাবনা আছে।

২) পশ্চিমবঙ্গের সব জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ হওয়ার সম্ভাবনা আছে।

দিন ২ (০৫ সেপ্টেম্বর)-

- ১) গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বাঁকুড়া, ঝাড়গ্রাম, পশ্চিম মেদিনীপুর জেলার দুয়েক জায়গায় ভারী বৃষ্টিপাতের (০৭-১১ সেমী) সম্ভাবনা আছে।
- ২) পশ্চিমবঙ্গের সব জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ হওয়ার সম্ভাবনা আছে।

দিন ৩ (০৬ সেপ্টেম্বর)-

পশ্চিমবঙ্গের সব জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ হওয়ার সম্ভাবনা আছে।

পরবর্তী ২ দিনের অনুমান : সামান্য পরিবর্তন হবে।

সুজাতা সর্

পক্ষে

আঞ্চলিক আবহাওয়া কেন্দ্র, আলিপুর

০৪-০৯-২৩